



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/৪৪৫৫/

তারিখ :

বিষয় : তদন্ত প্রতিবেদনের আলোকে প্রধান শিক্ষকের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : ক) জনাব আঃ ছালাম আকুঞ্জী গং এর ১৮-১১-২০১৪ তারিখের অভিযোগ।

খ) অধ্যক্ষ, সরকারী পি, সি, কলেজ, বাগেরহাট এর ০৭-১২-২০১৪ তারিখের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, বাগেরহাট জেলার রামপাল উপজেলাধীন উজলকুড় মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মহসিন সেখকে বিধি বহির্ভূতভাবে নিয়োগ প্রদান করা হয়েছে মর্মে জনাব আঃ ছালাম আকুঞ্জী গং কর্তৃক একটি অভিযোগ দাখিল হয়। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তের জন্য অধ্যক্ষ, সরকারী পি, সি, কলেজ বাগেরহাটকে তদন্ত করে প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রদান করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত করে প্রতিবেদন দাখিল করেছেন। তদন্তে প্রধান শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তির শর্তভঙ্গ করে প্রধান শিক্ষক জনাব মোঃ মহসীন সেখ কে নিয়োগ প্রদান করা হয়েছে মর্মে উল্লেখ করেছেন এবং এ ব্যাপারে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন।

বিষয়টি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল।

সংযুক্ত : তদন্ত প্রতিবেদন ও তদন্ত সংশ্লিষ্ট কাগজপত্রের ছায়াকপি ১৭ পাতা।

৩১/১২/১৪

(প্রফেসর মোঃ আলাউদ্দিন মিয়া)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৫০

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- বিঅ-৬/৪৪৫৫/ ৪৭০৫(৩৩)

তারিখ : ২৬/১২/১৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হ'ল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। অধ্যক্ষ, সরকারী পি, সি, কলেজ, বাগেরহাট।
- ৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, রামপাল, বাগেরহাট।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। সভাপতি, ম্যানেজিং কমিটি  
উজলকুড় মাধ্যমিক বিদ্যালয়, ডাক-কবুরহাট, উপজেলা-রামপাল, জেলা-বাগেরহাট।
- ৯। প্রধান শিক্ষক, উজলকুড় মাধ্যমিক বিদ্যালয়, ডাক-কবুরহাট, উপজেলা-রামপাল, জেলা- বাগেরহাট।
- ১০। জনাব আঃ ছালাম আকুঞ্জী গং (অভিযোগকারী)  
পিতা-মৃত মুনছুর আলী আকুঞ্জী, গ্রাম-উজলকুড়, ডাক-কবুরহাট, উপজেলা-রামপাল, জেলা-বাগেরহাট।
- ১১। সংরক্ষণ নথি।

২৬/১২/১৪  
(প্রফেসর আব্দুস ছালাম বিশ্বাস)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪